# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/ ১৪৮

তারিখঃ ১৮ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭০৯ তম কমিশন সভা অদ্য ০৩/১২/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (অল্টারনেটিভ ট্রেডিং বোর্ড) বিধিমালা, ২০১৯ কিছু সংশোধন সাপেক্ষে আজকের সভায় অনুমোদিত হয়েছে। এই বিধির উল্লেখযোগ্য বিষয়গুলো নিম্নরূপঃ

(ক) সকল প্রকার অ-তালিকাভুক্ত সিকিউরিটিজ (যেমনঃ অ-তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার, যেকোন প্রকার বন্ড, ডিবেঞ্চার, সুকুক, বে-মেয়াদী মিউচ্যুয়াল ফান্ড, অল্টারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ড, ইত্যাদি) নির্ধারিত যোগ্যতা সাপেক্ষে এই বোর্ডে লেনদেন এর জন্য অন্তর্ভূক্ত হতে পারবে।

(খ) সকল প্রকার তালিকাচ্যুত সিকিউরিটিজ নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে এই বোর্ডে লেনদেন এর জন্য অন্তর্ভূক্ত হতে পারবে।

(গ) এই বোর্ডে শুধুমাত্র অজড় (ডিম্যাটেরিয়ালাইজড) আকারে সিকিউরিটিজ লেনদেন সম্পন্ন হবে।

(ঘ) বিদ্যমান ওটিসি প্লাটফরমের সিকিউরিটিজসমূহ নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে এই বোর্ডে লেনদেন এর জন্য অন্তর্ভূক্ত হতে পারবে।

০৩/১২/২০১৯

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd